গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
নীতি ও পরিকল্পনা শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬.৪৩৮

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত১৪/০২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ডিসেম্বর,২০২৩ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (জানুযারি,২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২৫-০২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পৃষ্ঠা।

২৫-০২-২০২৪
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক

কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।;
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।;
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।;
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।;
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।;
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।;
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা। এবং
৮। কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬.৪৩৮/১ (৫)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
২। পরিচালক (সকল) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, কৃষি বিপণন অধিদপ্তর;

৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর এবং

৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর।

২৭-০২-২০২৪
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (ডিসেম্বর/২০২৩ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
তারিখ : ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১৬/০১/২০২৪ তারিখে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যে ২০২৩-২৪ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ২০০.৮০ কোটি টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ২৮৪.৪৮ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ৬২.৩৪ কোটি (৩১.০৪%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ১৬.৮২ কোটি (৮.৩৭%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১৪২.২৪ লক্ষ (৫০%) টাকা ছাড় করা হয় এবং ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত ৪.৯০ লক্ষ (১.৭২%) টাকা ব্যয় করা হয়। অধিদপ্তরের বাস্তবায়িত প্রকল্প ও কর্মসূচি'র অগ্রগতি মন্ত্রণালয়ের অগ্রগতির চেয়ে প্রায় অর্ধেকেরও কম এবং অর্থ বছরের প্রায় ০৮ (ছয়) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১, তারিখঃ ০২/০৭/২০২৩ এর জারিকৃত পরিপত্র মোতাবেক ব্যয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন।

## ২.২ প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ

২০২৩-২৪ অর্থ বছরের ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সময় পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব (কোটি টাকায়) নিম্নে উপস্থাপন করা হলো।

### ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৪৪.৪৯ | ১০.৬৫ | ৩৩.৮৪ | ৯.১৫ (২০.৫৬%) | ৫.৩০ (৪৯.৭৭%) | ৩.৮৫ (১১.৩৮%) | ৬.৫৩ (১৪.৬৮% ) | ২.৬৯ (২৫.২৬% ) | ৩.৮৪ (১১.৩৫ %) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | এসডিএএমপি | ৮৯.০৮ | ৮৯.০৮ | ০ | ১৯.৬২ (২২%) | ১৯.৬২ (২২%) | ০ | ৫.৮৩ (৬.৫৪% | ৫.৮৩ (৬.৫৪%) | ০ | ঐ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৮.৮২ | ৮.৮২ | ০ | ৪.৪০ (৫০%) | ৪.৪০ (৫০%) | ০ | ২.২২ (২৫.১৭%) | ২.২২ (২৫.১৭%) | ০ | গড় অগ্রগতির চেয়ে বেশি |
| ৪ | আলুর প্রকল্প | ২৩.৪৬ | ২৩.৪৬ | ০ | ১১.৬৭ (৪৯.৭৭%) | ১১.৬৭ (৪৯.৭৭%) | ০ | ১.০৩ (৪.৩৯%) | ১.০৩ (৪.৩৯%) | ০ | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ৩৫.০০ | ১৩.০০ | ২২.০০ | ১৭.৫০ (৫০%) | ৬.৫০ (৫০.০%) | ১১.০০ (৫০%) | ১.২১ (৩.৪৬%) | ০.২০ (১.৫৪%) | ১.০১ (৪.৫৯ %) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে কোন অর্থ বরাদ্দ নেই। | | | | | | | | | |
| | **সর্বমোট** | **২০০.৮ ৫** | **১৪৫.০১** | **৫৫.৮৪** | **৬২.৩৪ (৩১.০৪%)** | **৪৭.৪৯ (৩২.৭৫% )** | **১৪.৮৫ (২৬.৫৯%)** | **১৬.৮২ (৮.৩৭%)** | **১১.৯৭ (৮.২৫%)** | **৪.৮৫ (৮.৬৯ %)** | |

### খ) কর্মসূচিভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৩-২৪ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ২৪৮.৪৮ | ২৪৮.৪৮ | ০ | ১২৪.২৪ (৫০%) | ১২৪.২৪ (৫০%) | ০ | ৪.৯০ (৩.৯৪%) | ৪.৯০ (৩.৯৪%) | ০(%) | গড় অগ্রগতির চেয়ে কম। |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ৩৬.০০ | ৩৬.০০ | ০ | ১৮.০০ (৫০%) | ১৮.০০ (৫০%) | ০ | ০ | ০ | ০ | ঐ |
| | **সর্বমোট** | **২৮৪.৪৮** | **২৮৪.৪৮** | **০** | **১৪২.২৪** | **১৪২.২৪** | **০** | **৪.৯০** | **৪.৯০** | **০(%)** | |

## ২.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৩-২৪ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে মোট ৯২টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ৩৪ টি (৩৯.৯৫%) দরপত্র আহবান

করা হয় তন্মধ্যে ২৮টির কার্যদেশ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে মোট ২১টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ৯টি (৪২.৮৫%) দরপত্র আহবান করা হয়েছে এবং ৮টি কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ২টি কর্মসূচি'র অনুকুলে ২ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ হয় এবং ১টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়। আরএফকিউ পদ্ধতিতে মোট ৫ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে ডিসেম্বর,২০২৩ পর্যন্ত কোনো দরপত্র আহবান করা হয়নি।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ১৫ | ১৩ | ১০ | ৩ | ২ | ২ | সন্তোষজনক |
| ২ | এসডিএএমপি | ১ | ০ | ০ | ৫ | ৩ | ২ | সন্তোষজনক নয় |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৯ | ৮ | ৮ | ১ | ১ | ১ | সন্তোষজনক |
| ৪ | আলুর প্রকল্প | ২৩ | ৫ | ৪ | ৩ | ৩ | ৩ | সন্তোষজনক নয় |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ৩৪ | ৯ | ৬ | ২ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১০ | ০ | ০ | ৭ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **৯২** | **৩৪** | **২৮** | **২১** | **৯** | **৮** | |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | | মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | টমেটোর সংরক্ষণ কর্মসূচি | ১ | ১ | ১ | ০ | ০ | ০ | সন্তোষজনক |
| ২ | পেঁয়ারা কর্মসূচি | ১ | ০ | ০ | ৫ | ০ | ০ | সন্তোষজনক নয় |
| | **সর্বমোট** | **২** | **১** | **১** | **৫** | **০** | **০** | |

**৩. বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২০২৩-২৪ অর্থবছরের চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালককে ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্নকরণ এবং ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আগামী অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময় প্রকল্প পরিচালক পর্যায়ে প্রকল্পের AMS এ এন্ট্রিকৃত কপি আবশ্যকভাবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কে অবহিত সভাপতি নির্দেশনা দেন। সরকারি তহবিলের দ্বারা পণ্যসামগ্রী ক্রয়ে সরকারি ক্রয় আইন ও বিধির যথাযথ প্রয়োগ, অর্থের সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে এখন থেকে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের পূর্বে পণ্যের একটি নমুনা (কম্পিউটার ও ভারী যন্ত্রপাতি ব্যতীত) পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখা কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে যে অর্থ ব্যয় করা সম্ভব হবেনা, উক্ত অর্থ এপ্রিল,২০২৪ এর মধ্যে কৃষি মন্ত্রণালয়ে ফেরৎ দিতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) প্রকল্পের আওতায় নির্বাচিত গ্রুপগুলোর ম্যাচিং গ্র্যান্ট দ্রুত প্রদান করে উদ্যোক্তা তৈরী কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে ওয়ার্কসপ, বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস বিষয়ক কৃষক প্রশিক্ষণ, পোস্টহারভেস্ট প্রাইমারী প্রসেসিং বিষয়ক কৃষক প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৪.২ | (ক) ভূমি অধিগ্রহণের চূড়ান্ত প্রস্তাব পেতে প্রকল্প হতে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। প্রয়োজনে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সহায়তা নিতে হবে।<br>(খ) জিরো এনার্জি কুল চেম্বার নির্মাণ, কৃষক, উদ্যোক্তা ও ব্যবসায়ী প্রশিক্ষণ, টিওটি প্রশিক্ষণ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প। |
| ৪.৩ | (ক) কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘর তৈরীর কাজ নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী দ্রুত শেষ করে নির্মাণ কাজের মূল্যায়নের ভিত্তিতে বিল পরিশোধ করতে হবে।<br>(খ) সুবিধাভোগী কৃষক প্রশিক্ষণ, নারীসহ স্থানীয় কৃষক উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ, কর্মকর্তাদের টিওটি প্রশিক্ষণ,কৃষক গ্রুপ গঠন ও মধ্যবর্তী মূল্যায়ন দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প। |
| ৪.৪ | (ক) কৃষক পর্যায়ে মান সম্পন্ন আলুর ঘর তৈরীর দ্রুত উদ্যোগ গ্রহণ এবং চলতি মৌসুমে প্রতিটি ঘরে আলু সংরক্ষণ করতে হবে।<br>(খ) অনাবাসিক ভবন নির্মাণ বিষয়ে (রংপুর কৃষি বিপণন ভবনের ৫ম তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ) সামগ্রিক কার্যক্রম মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কে অবহিত কেরতে হবে। | প্রকল্প পরিচালক আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প । |
| ৪.৫ | (ক) কৃষি উদ্যোক্তা বাছাইয়ের জন্য স্টেকহোল্ডার কর্মশালা, মাল্টি-স্টেকহোল্ডার প্লাটফর্ম (এমএসপি) নিয়মিত সভা, মার্কেট ইন্টিগ্রেশন সেবা ক্রয় এবং বাজার কারবারীদের বিজনেস স্কুল বিষয়ক কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। | এজেন্সি প্রোগ্রম ডিরেক্টর পার্টনার প্রকল্প (বিপণন অংগ) |
| ৪.৬ | ২০২৩-২৪ অর্থ বছরে কর্মপরিকল্পনা ও পিপিএনবি অনুযায়ী দ্রুততার সাথে কার্যক্রম শেষ করতে হবে। কর্মসূচির আওতায় সম্পাদিত কার্যক্রমের মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | কর্মসূচি পরিচালক (সকল) |
| ৪.৭ | ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে শতভাগ বাস্তবায়ন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৪.৮ | আগামী অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের সময় প্রকল্প পরিচালক পর্যায়ে প্রকল্পের অর্থনৈতিক কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ চাহিদা AMS এ এন্ট্রিকৃত কপি আবশ্যকভাবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কে | সকল প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | অবহিত করতে হবে। | |
| ৪.৯ | অধিদপ্তরের আওতায় ২০২৩-২৪ অর্থবছরের চলমান প্রকল্পসমূহে আরএডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে যে অর্থ ব্যয় করা সম্ভব হবেনা, উক্ত অর্থ এপ্রিল, ২০২৪ এর মধ্যে কৃষি মন্ত্রণালয়ে ফেরৎ দিতে হবে। | সকল প্রকল্প পরিচালক। |
| ৪.১০ | সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের পূর্বে পণ্যের একটি নমুনা (কম্পিউটার ও ভারী যন্ত্রপাতি ব্যতীত) পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখা কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/২/২০২৪

মোঃমাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর